
দৈনিক নেইবার
আমরা সত্য প্রকাশে বিশ্বাসী
THE DAILY NEIGHBOUR





মেসির ‘সব ভুলে যাও’ ভাষণ নিয়ে জল্পনা, অবশেষে ম্যাক আলিস্টারের সূত্রে যা জানা গেল

৩-এর পাতায় দেখুন

ইরান যুদ্ধের সুযোগে ওয়াশিংটনের দ্বারস্থ ইসলামাবাদ, চায় ১০ বিলিয়ন ডলার

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-২২ ॥ ঢাকা বৃহস্পতিবার ২৩ জুলাই ২০২৬ ইং ॥ ৮ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ৮ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা

## এসিল্যান্ড হিসেবে ৫০ কর্মকর্তার পদায়ন

**স্টাফ রিপোর্টার :** বিসিএস প্রশাসন ক্যাডারের ৫০ জন কর্মকর্তাকে বিভিন্ন জেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করেছে সরকার। এজন্য তাদের চাকরি ভূমি মন্ত্রণালয়ে ন্যস্ত করে গতকাল বুধবার আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। কর্মকরতাদের ভূমি মন্ত্রণালয়ে যোগদানের নির্দেশনা দিয়ে বলা হয়, কর্মকর্তারা ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে মৌলিক ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স শেষ করে ‘জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীদের পদায়ন নীতিমালা, ২০২২’ অনুসরণ করে পদায়িত হবেন।

## ইউপি চেয়ারম্যানদের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণে হাইকোর্টের রুল

**স্টাফ রিপোর্টার :** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক নিশ্চিতে রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে শিক্ষাগত যোগ্যতা নির্ধারণে ব্যর্থ ইউনিয়ন পরিষদ আইনের ২৬ ধারা কেন সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক ঘোষণা করা হবে না, রুলে তাও জানতে চেয়েছেন আদালত। গতকাল বুধবার রুল জারির তথ্য নিশ্চিত

(শেষের পাতায় দেখুন)

## ১২৮ বার পেছালো সাগর-রুনি হত্যার প্রতিবেদন

**স্টাফ রিপোর্টার :** সাংবাদিক দম্পতি সাগর সারওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ফের পি?ছিয়েছে। গতকাল বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে এ মামলার প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল। তবে এদিন মামলার তদন্তকারী সংস্থা পিবিআই প্রতিবেদন দাখিল করতে পারেনি। তাই আদালত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ২৭ আগস্ট নতুন দিন ধার্য করেন। এ নিয়ে মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ১২৮ বার পেছালো। সাগর-রুনি হত্যা মামলাটি দীর্ঘদিন ধরে র?্যাবের কাছে তদন্তাধীন ছিল। বাদীপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ২০২৪ সালের ৩০ সেপ্টেম্বর তদন্তের জন্য একটি টাস্কফোর্স গঠনের আদেশ দেন হাইকোর্ট। বর্তমানে পিবিআই মামলার তদন্ত কার্যক্রম পরিচালনা করছে।

## ভোটার তালিকার ভুল সংশোধনে ১৫৪ কর্মকর্তাকে কর্তৃপক্ষ নিয়োগ

**স্টাফ রিপোর্টার :** আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে ভোটার তালিকার দাবি, আপত্তি ও সংশোধন সংক্রান্ত আবেদন নিষ্পত্তির জন্য ১৫৪ জন কর্মকর্তাকে সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল বুধবার এ তথ্য নিশ্চিত করেন ইসির উপসচিব মো. হুমায়ুন কবির। এ বিষয়ে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, দেশের ৬৪ জেলা ও বিভিন্ন ক্যান্টনমেন্ট এলাকায় মোট ১৫৪ জন কর্মকর্তাকে সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। তাদের মাধ্যমে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি, আপত্তি এবং তথ্য সংশোধনসংক্রান্ত আবেদন নিষ্পত্তি করা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটার তালিকা আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে যেসব নাগরিক ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন বা হবেন, তাদের তথ্য হালনাগাদ করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। এ লক্ষ্যে খসড়া তালিকা প্রকাশের পর ফরম-৬ এর মাধ্যমে দাবি,

(শেষের পাতায় দেখুন)



প্রধানমন্ত্রী তারেক রহমান বুধবার ঢাকায় সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় সভাপতিত্ব করেন। -পিআইডি

# বস্ত্র খাতের উন্নয়নে সব ধরনের সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার :** প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, শিল্পায়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং রফতানি আয় বৃদ্ধিতে বস্ত্রশিল্পের অসামান্য অবদান রয়েছে। এ খাতের উন্নয়নে সব ধরনের সহযোগিতা করবে সরকার। গতকাল বুধবার সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। এ সময় দেশের বস্ত্রশিল্পের বর্তমান পরিস্থিতি, রফতানি সম্ভাবনা এবং এ খাতের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়। বৈঠকে টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের নেতারা দেশের অর্থনীতিতে বস্ত্রশিল্পের অবদানের কথা তুলে ধরে এ খাতের টেকসই উন্নয়নে সরকারের সহযোগিতা চান। আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় নীতিগত সহায়তার বিষয়েও প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তারা। তাদের কথা মনোযোগ দিয়ে শোনেন সরকারপ্রধান এবং প্রয়োজনীয় সহযোগিতার প্রতিশ্রুতি দেন। বস্ত্রশিল্পের বিদ্যমান সমস্যাগুলো পর্যালোচনা ও সমাধানে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করে দেন তিনি। বৈঠকে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি শওকত আজিজ রাসেল, সহ-সভাপতি শামীম ইসলাম, সাবেক সভাপতি এ মতিন চৌধুরী, সাবেক পরিচালক সৈয়দ এনায়েত কবির, ইঞ্জিনিয়ার রাজীব হায়দার, বর্তমান পরিচালক চৌধুরী মোহাম্মদ হানিফ সোয়েব, বাদশা মিয়া ছাড়াও আমানত শাহ গ্রুপের চেয়ারম্যান হেলাল মিয়া, মুন্নু ফেব্রিক্সের ব্যবস্থাপনা পরিচালক সামিউল ইসলাম উপস্থিত ছিলেন।



## আন্দোলনে কাঁপছে দিল্লি চাপের মুখে মোদি

**আন্তর্জাতিক ডেস্ক :** পরীক্ষাসংক্রান্ত কেলেঙ্কারির পর জবাবদিহি ও সংস্কারের দাবিতে শুরু হওয়া আন্দোলন ভারতের পার্লামেন্টে বিরোধীদলীয় এমপিদের সমর্থন পাওয়ার পর আরও ভয়াবহ আকার ধারণ করেছে। বুধবার নয়াদিল্লির প্রতিবাদস্থলে অনলাইন ভিত্তিক ককরোচ জনতা পার্টির (সিজেপি) আন্দোলনে সমর্থকদের বিশাল জমায়েত দেখা গেছে। শিক্ষাব্যবস্থার সংস্কার আর শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে আন্দোলন শুরু হলেও এখন তা সরাসরি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পদত্যাগের দাবিতে রূপ নিয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যম-ভিত্তিক আন্দোলন ককরোচ জনতা পার্টির (সিজিপি) নেতৃত্বে ভারতজুড়ে শুরু হওয়া এই প্রতিবাদ ২০২৪ সালে নরেন্দ্র মোদি পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার

(শেষের পাতায় দেখুন)

## সংকট তৈরির চেষ্টা থেকে জ্বালানি তেল নিয়ে গুজব: জ্বালানি বিভাগ

**স্টাফ রিপোর্টার :** সংকট তৈরির চেষ্টা থেকে জ্বালানি তেল নিয়ে গুজব ছড়ানো হচ্ছে বলে মনে করছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। গতকাল বুধবার সচিবালয়ে জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব (অপারেশন অনুবিভাগ) মনির হোসেন চৌধুরী এ তথ্য জানান। তিনি বলেন, আজকের দুই-একটা মিডিয়ায় কিছু নিউজ হয়েছে আমাদের জ্বালানি তেল এবং প্রাকৃতিক গ্যাস নিয়ে। তো আমরা মনে করছি যে আমাদের আসলে প্রকৃত তথ্যটা আপনাদেরকে জানানো দরকার। কারণ, অনেক সময় এই গুজবটা আমাদের জন্য, সবার জন্যই খুবই পীড়াদায়ক হয়। মানুষের মধ্যে একটা বিভ্রান্তি তৈরি হয়, সেটা যাতে না হয় আপনাদের মাধ্যমে যাতে সঠিক তথ্যটা জনগণ বুঝতে পারে, জানতে পারে- সে জন্যই আসলে

(শেষের পাতায় দেখুন)

## এডিপি বাস্তবায়নে সরকার অত্যন্ত গুরুত্ব দিচ্ছে: পরিকল্পনা প্রতিমন্ত্রী



**স্টাফ রিপোর্টার :** বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নে সরকার অত্যন্ত গুরুত্ব দিচ্ছে বলে জানিয়েছেন পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি। তিনি বলেন, অর্থনীতি পুনরুদ্ধারে এবং গতি সঞ্চারে এডিপি বড় ভূমিকা রাখে। এটি ঠিকমতো হলে দেশি-বিদেশি নতুন বিনিয়োগের ক্ষেত্র তৈরি হবে। গতকাল বুধবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা শেষে ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী এবং একনেক চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৪ হাজার ৪১ কোটি ২১ লাখ টাকা ব্যয় সংবলিত ৮টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে নতুন প্রকল্প ৩টি ও সংশোধিত প্রকল্প ৫টি। পরে ব্রিফিংয়ে প্রতিমন্ত্রী বলেন, বেশকিছু প্রকল্পের বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান সরাসরি তদন্তের নির্দেশ দিয়েছেন। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) তদন্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে

(শেষের পাতায় দেখুন)

## প্রতিযোগিতার মাধ্যমে নাগরিক সেবার মান বাড়াতে কাজ করছে সরকার: ডিএসসিসি প্রশাসক

**স্টাফ রিপোর্টার :** রাজস্ব আদায় কার্যক্রম আরও গতিশীল করা, ট্রেড লাইসেন্স ফি জমা দেওয়ার প্রক্রিয়া সহজ করা এবং নাগরিকদের দোরগোড়ায় ব্যাংকিং সুবিধা নিশ্চিত করতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) অঞ্চল-২ (খিলগাঁও) কার্যালয়ে ঢাকা ব্যাংকের একটি নতুন কালেকশন বুথ উদ্বোধন করা হয়েছে। ?উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডিএসসিসি প্রশাসক আবদুস সালাম বলেন, প্রতিযোগিতামূলক ব্যবস্থার মাধ্যমে সেবার মান বাড়াতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ঢাকা ব্যাংকের এই নতুন কালেকশন বুথ চালুর ফলে এ অঞ্চলের অধিবাসীরা অত্যন্ত সহজে সিটি করপোরেশনের বিভিন্ন ফি ও সেবা গ্রহণ করতে পারবেন। ?গতকাল বুধবার রাজধানীর খিলগাঁওয়ে এই বুথ উদ্বোধন করেন ডিএসসিসি প্রশাসক।অনুষ্ঠানে সাবেক সরকারের সমালোচনা ও বর্তমান নীতি তুলে ধরে বীর মুক্তিযোদ্ধা আবদুস সালাম বলেন, আগের সরকার একটি নির্দিষ্ট গোষ্ঠীকে সুবিধা দিতে কালেকশন

(শেষের পাতায় দেখুন)

# আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ হবে: মির্জা ফখরুল



**স্টাফ রিপোর্টার :** আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বুধবার (২২ জুলাই) রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটে বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-মেম্বার অ্যাসোসিয়েশনের উদ্যোগে ‘স্থানীয় সরকার শক্তিশালী করে নতুন বাংলাদেশ বিনির্মাণে তৃণমূল জনপ্রতিনিধি ইউপি চেয়ারম্যান-মেম্বারদের করণীয়’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, সামনের বছর প্রথম দিকেই ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচন হবে একেবারে নিরপেক্ষ।

এখানে বিএনপি, জামায়াত বা অন্য কোনো দলের পরিচয়ে কেউ বাড়তি সুবিধা পাবে না। জনগণের ভালোবাসা নিয়েই জনপ্রতিনিধিদের নির্বাচিত হতে হবে। তিনি বলেন, প্রকৃত গণতন্ত্রের ভিত্তি হচ্ছে স্থানীয় সরকার। স্থানীয় সরকার শক্তিশালী না হলে রাষ্ট্র কিংবা গণতন্ত্র কোনোটিই শক্তিশালী হতে পারে না।

উন্নত দেশগুলোতে স্থানীয় সরকারই প্রশাসন, স্বাস্থ্যসেবা, স্থানীয় বিচার ব্যবস্থা ও জনসেবার বড় অংশ পরিচালনা করে। বাংলাদেশেও সেই কাঠামো গড়ে তুলতে হবে।

মির্জা ফখরুল ইসলাম বলেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের যথাযথ ক্ষমতায়ন ছাড়া স্থানীয় সরকার শক্তিশালী হবে না। শুধু সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে স্থানীয় সরকার পরিচালিত হলে জনগণের প্রত্যাশা

(শেষের পাতায় দেখুন)

## সাইবার স্পেসে বৈষম্যহীন ডিজিটাল ভবিষ্যৎ গড়তে ৩ প্রস্তাব আইসিটিমন্ত্রীর



**স্টাফ রিপোর্টার :** চীনে অনুষ্ঠিত মর্যাদাপূর্ণ ওয়ার্ল্ড ইন্টারনেট কনফারেন্স-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে বহুপাক্ষিক সাইবার শাসনব্যবস্থা গড়ে তোলা, প্রযুক্তি ও জ্ঞানের সহজলভ্যতা নিশ্চিত করা এবং ডিজিটাল বৈষম্য দূরীকরণে তিন দফা প্রস্তাব তুলে ধরেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ফকির মাহবুব আনাম। গতকাল বুধবার চীনের প্রাচীন সিল্ক রোডের ঐতিহাসিক শহর শি’আনের আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে আয়োজিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব প্রস্তাব উপস্থাপন করেন। যৌথ অগ্রগতির লক্ষ্যে মন্ত্রী তিনটি প্রস্তাব তুলে ধরেন- ১. দক্ষতা বৃদ্ধি ও জ্ঞান হস্তান্তর (Capacity Building and Knowledge Transfer): শুধু হার্ডওয়্যার নয়, বাংলাদেশের তরুণ মেধার বিকাশে বিনিয়োগের আহ্বান জানিয়ে তিনি সাইবার বিজ্ঞানী তৈরিতে যৌথ প্ল্যাটফর্ম গঠনের প্রস্তাব দেন। ২. সাশ্রয়ী কানেক্টিভিটি (Affordable Connectivity): প্রযুক্তি হস্তান্তর আরও সাশ্রয়ী করার পাশাপাশি বিশ্ব প্রযুক্তি নেতাদের সহযোগিতায় ডিজিটাল বিভাজন কমিয়ে আনার ওপর গুরুত্বারোপ করেন। ৩. ডিজিটাল

(শেষের পাতায় দেখুন)

## খুলনায় আরএফএল কর্মকর্তার লাশ উদ্ধার

**স্টাফ রিপোর্টার :** খুলনায় বিশ্বজিৎ দেউড়ি (২৫) নামের আরএফএল (আরএফএল) কোম্পানির এক কর্মকর্তার রক্তাক্ত লাশ উদ্ধার করা হয়েছে। নিহত বিশ্বজিৎ আরএফএল-এর পাইকগাছা শাখায় সেলস রিপ্রেজেন্টেটিভ (এসআর) হিসেবে কর্মরত ছিলেন। এ ঘটনার পর থেকে তার সহকর্মী ও রুমমেট অন্তর সরকার (২৩) ব্যবহৃত মোটরসাইকেলসহ লাপাত্তা রয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, হাসপাতাল রোড এলাকার রাম প্রসাদ মণ্ডলের দোতলা বাড়ির নিচতলার একটি কক্ষ ভাড়া নিয়ে থাকেন তারা। গত দুই মাস ধরে ঝালকাঠি সদরের বেতরা গ্রামের হিরালাল দেউড়ির ছেলে বিশ্বজিৎ দেউড়ি এবং মাদারীপুরের কালকিনী উপজেলার লক্ষ্মীপুর ফাঁসিয়াতলা গ্রামের লিটন

(শেষের পাতায় দেখুন)

## ব্যাংকের তারল্য প্রতিবেদন জমায় নতুন নির্দেশনা বাংলাদেশ ব্যাংকের



**স্টাফ রিপোর্টার :** ব্যাংকগুলোর নেট স্টেবল ফান্ডিং রেশিও (এনএসএফআর) প্রতিবেদন তৈরির কাঠামোয় পরিবর্তন এনেছে বাংলাদেশ ব্যাংক। সংশোধিত ওপেন মার্কেট অপারেশনস (ওএমও) নির্দেশিকার সঙ্গে সামঞ্জস্য রাখতে এনএসএফআর রিপোর্টিং টেমপ্লেট ও গাইডলাইন সংশোধন করা হয়েছে। নতুন নির্দেশনা অনুযায়ী, কেন্দ্রীয় ব্যাংকের রেপো, স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএফএফ), ইসলামিক ব্যাংকস লিকুইডিটি ফ্যাসিলিটি (আইবিএলএফ) এবং এ ধরনের অন্যান্য সুবিধাকে সরাসরি সম্পদ বিক্রি নয়, বরং জামানতভিত্তিক ঋণ হিসেবে হিসাবায়ন ও প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। গত মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের সুপারভাইজরি ডাটা ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যানালিটিকস ডিপার্টমেন্ট (এসডিএডি) এ-সংক্রান্ত সার্কুলার লেটার-১১ জারি করে দেশের সব তফসিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। সার্কুলারে বলা হয়, ২০১৫ সালে জারি করা বেসেল-৩ কাঠামোর আওতায় ব্যাংকগুলোকে লিকুইডিটি কভারেজ রেশিও (এলসিআর) ও এনএসএফআর বজায় রাখতে হয়। সম্প্রতি ওএমও পরিচালনার নতুন নির্দেশিকা কার্যকর হওয়ায় এনএসএফআর রিপোর্টিং কাঠামোও সংশোধনের প্রয়োজন দেখা দেয়। নতুন নির্দেশনা অনুযায়ী, ইন্টারব্যাংক রেপোকে আর্থিক প্রতিষ্ঠানের কাছে দায় হিসেবে দেখাতে হবে। এছাড়া ‘জামানতভিত্তিক ঋণ বা কেন্দ্রীয় ব্যাংক থেকে অর্থায়ন’ নামে নতুন একটি রিপোর্টিং উপাদান যুক্ত করা হয়েছে, যেখানে কেন্দ্রীয় ব্যাংকের রেপো, এসএলএফ, আইবিএলএফ, অ্যাসিউরড রেপোসহ অনুরূপ সুবিধাগুলো অন্তর্ভুক্ত থাকবে। এছাড়া সরকারি ও বাংলাদেশ ব্যাংক ইস্যুকৃত বাজারজাতযোগ্য

(শেষের পাতায় দেখুন)


## বিদ্যুৎ বিল আদায় করবে বেসরকারি খাত: জ্বালানি মন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** সরকার উৎপাদন ও পাইকারি পর্যায়ে থাকলেও গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ বিতরণের দায়িত্ব বেসরকারি খাতের হাতে ছেড়ে দেওয়া উচিত। এতে জবাবদিহিতা বাড়বে, বিল আদায় নিশ্চিত হবে এবং সেবার মান উন্নত হবে বলে মন্তব্য করেছেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু।

বুধবার (২২ জুলাই) হোটেল সোনারগাঁওয়ে বণিক বার্তা কর্তৃক আয়োজিত এনার্জি সিকিউরিটি অ্যান্ড ট্রান্সফরমেশন অব বাংলাদেশ শীর্ষক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

### তিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকে খলিলুর

# ‘বাংলাদেশ ফার্স্ট’ নীতিতেই পরিচালিত হবে পররাষ্ট্রনীতি



**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের পররাষ্ট্রনীতি ‘বাংলাদেশ ফার্স্ট’ নীতির ভিত্তিতেই পরিচালিত হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

বুধবার (২২ জুলাই) ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অনুষ্ঠিত আসিয়ান রিজিওনাল ফোরাম (এআরএফ) পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের ফাঁকে চীন, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পৃথক দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে এ অবস্থান তুলে ধরা হয়।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে এসব বৈঠকে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন।

মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, তিনটি বৈঠকেই বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি, সংযোগ (কানেক্টিভিটি) এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের পক্ষ থেকে জোর দিয়ে বলা হয়, দেশের জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ‘বাংলাদেশ ফার্স্ট’ নীতির আলোকে দেশের বৈদেশিক সম্পর্ক পরিচালিত হবে।

চীনের পররাষ্ট্রমন্ত্রী

(শেষের পাতায় দেখুন)

## উত্তরায় মুগ্ধসহ ১১ হত্যা: আসামিপক্ষের শুনানি আজ

**স্টাফ রিপোর্টার :** জুলাই আন্দোলনে নিহত মীর মাহফুজুর রহমান মুগ্ধসহ ১১ জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে করা মামলায় রাষ্ট্রপক্ষের অভিযোগ গঠনের শুনানি শেষ হয়েছে। শুনানিতে সাবেক সংসদ সদস্য মোহাম্মদ হাবিব হাসান ও সাবেক ডিএমপি কমিশনারসহ ২৬ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আবেদন জানিয়েছে রাষ্ট্রপক্ষ। পরে আসামিপক্ষের শুনানির জন্য আজ বৃহস্পতিবার দিন ধার্য করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। গত মঙ্গলবার ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারিক প্যানেলে এ শুনানি অনুষ্ঠিত হয়। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। এদিন রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। এ সময় চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম, প্রসিকিউটর জহিরুল আমিন ও তারেক

(শেষের পাতায় দেখুন)




(Reg. S-9479/09)
Public Media & Human Rights Organization

# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ঢাকা বৃহস্পতিবার ২৩ জুলাই ২০২৬ ইং ॥ ৮ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

# বজ্রপাতের তীব্রতায় দেশে প্রাণহানির ঘটনা বাড়ছে

**স্টাফ রিপোর্টার :** দেশে বজ্রপাতের তীব্রতায় বাড়ছে প্রাণহানির ঘটনা। বজ্রপাতে প্রতি বছর প্রায় ৩০০ জনের বেশি মানুষের মৃত্যু এবং বিপুলসংখ্যক মানুষ আহত হচ্ছে। বিশেষ করে হাওরাঞ্চলে, উন্মুক্ত মাঠে, নদীতীরবর্তী এলাকায় কৃষিকাজে নিয়োজিত মানুষরাই বজ্রপাতের শিকার হচ্ছে সবচেয়ে বেশি। অথচ বিগত শতকের নয়ের দশকে দেশে বজ্রপাতে বছরে গড়ে ৩০ জনের মৃত্যু হতো। এখন তা বেড়ে পৌঁছেছে ৩০০-৩৫০ জনে। বিগত ২০২০ সালে ৪২৭ জন বজ্রপাতে মারা যান। আর চলতি বছরের প্রথম চার মাসে মৃত্যু হয়েছে ১০০ জনের বেশি মানুষের। বিগত দুই দশকে বাংলাদেশে বজ্রপাতের ঘটনা এবং এর তীব্রতা উল্লেখযোগ্য হারে বাড়ার পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে জলবায়ুর পরিবর্তন, বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি, আর্দ্রতার পরিমাণ বেড়ে যাওয়া, অনিয়মিত আবহাওয়া এবং ভূমি ব্যবহারের পরিবর্তন। বর্তমানে এক নীরব ঘাটতে পরিণত হয়েছে বজ্রপাত। আবহাওয়া অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।



সংশ্লিষ্ট সূত্র মতে, দেশে বিগত ১১ জুন বৃহস্পাদে একদিনে ১১ জেলায় ১৮ জনের মৃত্যুর ঘটনা ঘটে। তার আগে ২৭ এপ্রিল একদিনে মৃত্যু হয়েছিল ১৪ জনের। বর্তমানে প্রতি বছর বজ্রপাতে ৩০০ জনের বেশি মানুষ মারা যায়। দেশে বিগত ২০১৬ থেকে ২০২৫ সাল পর্যন্ত বজ্রপাতে ৩ হাজার ২৭১ জন মারা গেছে। আর চলতি বছর মারা গেছে ১২৭ জন। সব মিলিয়ে ৩ হাজার ৩৯৮ জন মারা গেছে। আর ২০১৮ সাল পর্যন্ত বজ্রপাতে আহতের হিসাব পাওয়া যায়নি। বজ্রপাতে ২০১৬ সালে ৩৯১ জন, ২০১৭ সালে ৩৮৮ জন, ২০১৮ সালে ৩৫৯ জন, ২০১৯ সালে ৪০১ জনের মৃত্যু হয়েছে এবং ওই বছর আহত হয়েছে ১০৮ জন। তাছাড়া ২০২০ সালে বজ্রপাতে ৪২৭ জনের মৃত্যু ও ৮৮ জন আহত, ২০২১ সালে ৩৬৩ জনের মৃত্যু ও ১২৪ জন আহত, ২০২২ সালে ৩৩৭ জনের মৃত্যু ও ৮৭ জন আহত, ২০২৩ সালে ৩২২ জনের মৃত্যু ও ৬১ জন আহত ২০২৪ সালে ২৬৬ জনের মৃত্যু ও ৫৩ জন আহত, ২০২৫ সালে ২৪৩ জনের মৃত্যু ও ৫৪ জন আহত এবং চলতি বছরে এখন পর্যন্ত ১২৭ জনের মৃত্যু ও ৫৫ জন আহত হয়েছে।

সূত্র জানায়, পৃথিবীর তাপমাত্রা বাড়ার ফলে বায়ুমণ্ডলে জলীয় বাষ্পের পরিমাণ বাড়ছে। আর উষ্ণ ও আর্দ্র বায়ু দ্রুত উপরে উঠে শক্তিশালী বজ্রমেঘ তৈরি করে। ওই মেঘে ধনাত্মক ও ঋণাত্মক চার্জের পার্থক্য বাড়লেই বজ্রপাতের সৃষ্টি হয়। বাংলাদেশে বজ্রপাতের সম্ভাবনা বেশি থাকে মার্চ থেকে মে মাসে প্রাক-বর্ষা মৌসুমে। বাংলাদেশে বজ্রপাত বাড়ার ক্ষেত্রে রয়েছে একাধিক কারণ। তার অন্যতম হচ্ছে জলবায়ুর পরিবর্তন, আর্দ্রতা বাড়ায় দীর্ঘ তাপপ্রবাহ এবং বড় গাছ কমে যাওয়ায় ভূপৃষ্ঠের গরম বাতাস দ্রুত উপরে উঠে যায় এবং শক্তিশালী বজ্রমেঘ তৈরি করে।

## বেসরকারিভাবে হজের সর্বনিম্ন খরচ ৫ লাখ ১৩ হাজার টাকা

**স্টাফ রিপোর্টার :** আগামী ২০২৭ সালে বেসরকারি ব্যবস্থাপনায় হজ পালনে তিনটি প্যাকেজ ঘোষণা করেছে হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)। উন্নত সুবিধার বিশেষ প্যাকেজের (প্যাকেজ-১) খরচ নির্ধারণ করা হয়েছে ৭ লাখ ৯১ হাজার ৬০ টাকা। সাধারণ প্যাকেজের (প্যাকেজ-২) মাধ্যমে হজ পালনে ব্যয় হবে ৫ লাখ ৯৫ হাজার ৫৮০ টাকা। সাশ্রয়ী প্যাকেজে-৩ এ সর্বনিম্ন খরচ ধরা হয়েছে ৫ লাখ ১৩ হাজার ৫৪৫ টাকা। গতকাল বুধবার রাজধানীর নয়াপল্টনে একটি হোটেলে হাবের সভাপতি সৈয়দ গোলাম সারওয়ার বেসরকারি ব্যবস্থাপনায় হজ প্যাকেজ ঘোষণা করেন। এ সময় মহাসচিব ফরিদ আহমেদ মজুমদার উপস্থিত ছিলেন। হাব সভাপতি বলেন, বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য তিনটি হজ প্যাকেজ করা হয়েছে। এছাড়াও এজেন্সিগুলো হজযাত্রীর চাহিদা অনুযায়ী আরও একটি অতিরিক্ত বিশেষ প্যাকেজ নির্ধারণ করতে পারবেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, প্রতি সৌদি রিয়াল ৩৩ টাকা ২০ পয়সা ধরে প্যাকেজ নির্ধারণ করা হয়েছে।

## বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই আমাদের অন্তর্ভুক্তিমূলক জাতীয় পরিচয় : তথ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, রাষ্ট্রনায়ক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রবর্তিত বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই দেশের সকল ভাষা, ধর্ম, সংস্কৃতি ও নৃগোষ্ঠীকে ধারণ করে গড়ে ওঠা একমাত্র অন্তর্ভুক্তিমূলক ও গ্রহণযোগ্য জাতীয় পরিচয়। তিনি বলেন, 'আধুনিক জাতীয়তাবাদের ধারণায় কোনো নির্দিষ্ট গোত্র, ভাষা, বর্ণ কিংবা ধর্ম আর জাতীয় পরিচয়ের একক নির্ধারক নয়। বরং একটি ভূখণ্ডের বহুমাত্রিকতা, অভিন্ন স্বার্থ ও যৌথ ভবিষ্যৎ নির্মাণের আকাঙ্ক্ষাকে ধারণ করেই এই আধুনিক জাতীয় পরিচয় গড়ে উঠেছে।'

গতকাল বুধবার সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও বাংলাদেশি জাতীয়তাবাদ' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইউনিভার্সিটি টিচার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইউট্যাব) জবি শাখা এই অনুষ্ঠানের আয়োজন করে।

ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরে তথ্যমন্ত্রী বলেন, ভারতীয় উপমহাদেশে ধর্মের ভিত্তিতে পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠিত হলেও শুধু ধর্ম দিয়ে বহুমাত্রিক রাষ্ট্রকে ঐক্যবদ্ধ রাখা যায়নি, যার ঐতিহাসিক পরিণতি ৫২-এর ভাষা আন্দোলন ও ৭১-এর মুক্তিযুদ্ধ। মহান মুক্তিযুদ্ধে শহীদ জিয়াউর রহমানের সাহসিকতা, স্বাধীনতার ঘোষণা ও নেতৃত্ব ইতিহাসের প্রমাণিত সত্য। তবে স্বাধীনতার পরও কেবল ভাষাভিত্তিক পরিচয় দেশের সব জনগোষ্ঠীর কাছে সমভাবে গ্রহণযোগ্য না হওয়ায় পরিচয়গত সংকট থেকেই যায়। এই বাস্তবতায় শহীদ জিয়া নাগরিকভিত্তিক 'বাংলাদেশি জাতীয়তাবাদ'-এর দর্শন উপস্থাপন করেন।

জহির উদ্দিন স্বপন বলেন, বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনে কোনো চাকমা, মারমা, ক্ষুদ্র নৃগোষ্ঠী কিংবা ভিন্ন ধর্মবিশ্বাসী মানুষের পরিচয়গত সংকট নেই। কোনো একটি সংস্কৃতিকে প্রতিষ্ঠা করতে গিয়ে অন্য সংস্কৃতিকে অস্বীকার করারও সুযোগ নেই। 'প্রথমেও বাংলাদেশ, শেষেও বাংলাদেশ'– এই দর্শনই দেশের সব নাগরিককে সমান মর্যাদায় একটি অভিন্ন জাতীয় পরিচয়ের বন্ধনে আবদ্ধ করেছে এবং ভৌগোলিক অখণ্ডতা বজায় রাখার মূল চালিকাশক্তি হিসেবে কাজ করছে।




*সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম গত মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে সড়ক নিরাপত্তা বিষয়ক প্যানেল অধিবেশনে সহ-সভাপতির বক্তব্য রাখেন।*

## জাতিসংঘে সড়ক নিরাপত্তা প্যানেলের যৌথ-সভাপতি রবিউল আলম

**স্টাফ রিপোর্টার :** জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত সড়ক নিরাপত্তাবিষয়ক বহুপক্ষীয় প্যানেল অধিবেশনে যৌথ-সভাপতির দায়িত্ব পালন করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। এ সময় বিশ্বব্যাপী সড়ক দুর্ঘটনায় প্রাণহানি ও গুরুতর আহতের সংখ্যা কমাতে শক্তিশালী প্রতিষ্ঠান, সমন্বিত বাস্তবায়ন এবং জবাবদিহিতা জোরদারের আহ্বান জানান তিনি। মঙ্গলবার (২১ জুলাই) জাতিসংঘ সদর দপ্তরে সড়ক নিরাপত্তাবিষয়ক বহুপক্ষীয় প্যানেল অধিবেশনে বাংলাদেশের সড়ক নিরাপত্তা উন্নয়নে নেতৃত্বের আন্তর্জাতিক স্বীকৃতির অংশ হিসেবে যৌথ-সভাপতির দায়িত্ব পালনকালে তিনি এ আহ্বান জানান।

মন্ত্রী বলেন, শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে তোলাই যথেষ্ট নয়। সড়ক পরিবহন ব্যবস্থার প্রতিটি স্তরে সেগুলোর কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। তিনি সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে পরিবহন, স্বাস্থ্য, পুলিশ, অর্থ, শিক্ষা, পরিবেশ এবং স্থানীয় সরকারসহ সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয়, দায়িত্বের সুস্পষ্ট বণ্টন এবং নীতিমালা ও বাস্তবায়নের মধ্যে সামঞ্জস্য নিশ্চিত করার ওপর জোর দেন।

শেখ রবিউল আলম আরও বলেন, স্থানীয় সরকার, বেসরকারি খাত, নাগরিক সমাজ, শিক্ষাবিদ এবং তরুণদের সক্রিয় অংশগ্রহণ সড়ক নিরাপত্তা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তবে এসব উদ্যোগকে অবশ্যই শক্তিশালী সরকারি নেতৃত্ব, কার্যকর সমন্বয় এবং জবাবদিহিতার কাঠামোর আওতায় পরিচালিত হতে হবে। জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত সড়ক নিরাপত্তা উন্নয়নবিষয়ক জাতিসংঘের উচ্চপর্যায়ের বৈঠকে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন।




## ইউপি চেয়ারম্যানদের

*(প্রথম পাতার পর)*

করেছেন আইনজীবী কাজী ফেরদাউসুল হাসান এর আগে সুপ্রিম কোর্টের দুই আইনজীবীর করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। রুলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা প্রার্থীদের জন্য ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ২৬ এর অধীনে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (কমপক্ষে স্নাতক) নিশ্চিত করার জন্য কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়েছেন আদালত। এলজিআরডি সচিব, আইন মন্ত্রণালয় সচিব ও প্রধান নির্বাচন কমিশনারকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিট দায়ের করেন আইনজীবী কাজী ফেরদাউসুল হাসান ও মো.তানভীর আহমেদ খান। আইনজীবীরা জানান, একজন চেয়ারম্যানকে নানান ধরণের ক্ষমতা দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে গ্রাম আদালত পরিচালনা করার ক্ষমতা। সেখানে ৩ লাখ টাকা মূল্যের মামলা পরিচালনা করতে পারেন। অথচ এই ক্ষমতা যে ম্যাজিস্ট্রেটের রয়েছে তাকে আইনে স্নাতক সম্পন্ন করে বিজেএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। এখানে চেয়ারম্যানের কোনও শিক্ষাগত যোগ্যতা লাগে না। তাই স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এ চেয়ারম্যানের যোগ্যতা সংক্রান্ত ২৬ ধারা চ্যালেঞ্জ করা হয়েছে। আমরা চেয়ারম্যানের শিক্ষাগত যোগত্য নূন্যতম স্নাতক চেয়েছি।

## আগামী ইউনিয়ন পরিষদ

পূরণ সম্ভব নয়। উন্নয়ন কার্যক্রমে জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, ফ্যামিলি কার্ডসহ সরকারের বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা প্রয়োজন। এতে প্রকৃত উপকারভোগী নির্বাচন সহজ হবে এবং স্বচ্ছতা নিশ্চিত হবে।

চেয়ারম্যান ও সদস্যদের ভাতা অপ্রতুল উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, আমি নিজেও পৌরসভার চেয়ারম্যান ছিলাম। মাঠ পর্যায়ের জনপ্রতিনিধিদের সমস্যা আমি জানি। তাদের ভাতা সম্মানজনক পর্যায়ে নেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলব।

ধর্মীয় সম্প্রীতির ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, ধর্মের নামে বিভাজনের রাজনীতি দেশের জন্য কল্যাণকর নয়। 'ধর্ম যার যার, রাষ্ট্র সবার' এই নীতিতে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে।

ইউনিয়ন পরিষদের নির্বাচনের পর চেয়ারম্যান ও সদস্যদের সমন্বয়ে একটি জাতীয় সংগঠন গঠনের আহ্বান জানিয়ে তিনি বলেন, ওই সংগঠনের মাধ্যমে স্থানীয় সরকারের দাবি-দাওয়া ও উন্নয়ন পরিকল্পনা আরও সুসংগঠিতভাবে তুলে ধরা সম্ভব হবে।

## সাইবার স্পেসে বৈষম্যহীন

পাবলিক গুডস (Digital Public Goods): ডিজিটাল উন্নয়নকে জনকল্যাণমূলক সম্পদ হিসেবে বিবেচনা করে মেধাস্বত্ব (আইপি) ও ডাটা আর্কিটেকচার বিশ্ব সম্প্রদায়ের জন্য উন্মুক্ত রাখার প্রস্তাব দেন। প্রাচীন সিল্ক রোডের ঐতিহাসিক ভূমিকার কথা স্মরণ করে মন্ত্রী বলেন, সম্মেলনের প্রতিপাদ্য বাংলাদেশের জাতীয় চেতনার সঙ্গে গভীরভাবে সঙ্গতিপূর্ণ। তিনি জানান, বাংলাদেশের ১৮ কোটি মানুষের মধ্যে প্রায় ৬৫ শতাংশই তরুণ ও কর্মক্ষম। প্রধানমন্ত্রী তারেক রহমানের দূরদর্শী নেতৃত্বে এই জনমিতিক সম্ভাবনাকে কাজে লাগিয়ে প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক আধুনিক বাংলাদেশ গড়ে তোলার কাজ চলছে। বাংলাদেশের ডিজিটাল রূপান্তরের অগ্রগতি তুলে ধরে তিনি বলেন, দেশে বর্তমানে ৯০ শতাংশের বেশি মানুষ মোবাইল কানেক্টিভিটির আওতায় রয়েছে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে প্রান্তিক কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তাদের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছে গেছে। পাশাপাশি জাতীয় পোর্টাল ও 'ডি-নথি'র মাধ্যমে সরকারি দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভূমি রেকর্ড থেকে স্বাস্থ্যসেবা পর্যন্ত বিভিন্ন খাতে ডিজিটালাইজেশনের ফলে প্রতিবছর নাগরিকদের কোটি কোটি কর্মঘণ্টা সাশ্রয় হচ্ছে। মন্ত্রী বলেন, ডিজিটাল রূপান্তর শুধু ভৌত অবকাঠামো নির্মাণের বিষয় নয়; এটি কৃত্রিম বুদ্ধিমত্তা, উদ্ভাবন ও মানবসম্পদ উন্নয়নেরও বিষয়। বাংলাদেশে এআই গবেষণা, ফিনটেক উদ্ভাবন এবং বৃহৎ ডাটা সেন্টার অবকাঠামো গড়ে তুলতে ব্যাপক বিনিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। একই সঙ্গে নদীমাতৃক বাংলাদেশের বাস্তবতায় মেশিন লার্নিং ব্যবহার করে বন্যার পূর্বাভাস এবং ড্রোনের মাধ্যমে নির্ভুল কৃষি ব্যবস্থাপনার মতো স্থানীয় সমস্যার প্রযুক্তিনির্ভর সমাধান তৈরি করা হচ্ছে।

## খুলনায় আরএফএল

সরকারের ছেলে অন্তর সরকার (২৩) একসঙ্গে বসবাস করে আসছিলেন। অভিযুক্ত অন্তর সরকার আরএফএল-এর সহকারী টেকনিশিয়ান হিসেবে কর্মরত। গত সোমবার রাত আনুমানিক ৯:৪০ মিনিটের দিকে দুজনে স্থানীয় একটি দোকান থেকে নাস্তা করেন। পরবর্তীতে গত মঙ্গলবার দুপুর ১টা পর্যন্ত তাদের দুজনেরই ব্যবহৃত মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। এতে সন্দেহ হলে তাদের সহকর্মী নয়ন রায় (২৫) খোঁজাখুঁজির একপর্যায়ে বাসায় যান। সেখানে গিয়ে তিনি ঘরের দরজার সামনে রক্ত এবং একটি রক্তমাখা ছুরি পড়ে থাকতে দেখে তাৎক্ষণিকভাবে পাইকগাছা থানা পুলিশে খবর দেন। সংবাদ পেয়ে পাইকগাছা সার্কেলের সহকারী পুলিশ সুপার আমীর হামজা এবং পুলিশ পরিদর্শক (অপারেশন) জুলফিকার আলী সঙ্গীয় ফোর্সসহ দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন। কক্ষটি বাইরে থেকে তালাবদ্ধ থাকায় পুলিশ তালা ভেঙে ভেতরে প্রবেশ করে এবং মেঝেতে বিশ্বজিৎ দেউড়ির লাশ পড়ে থাকতে দেখে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতা বা অভ্যন্তরীণ কোনো বিরোধের জেরে সোমবার রাত ১০টা থেকে গত মঙ্গলবার দুপুর ১টার মধ্যে যেকোনো সময়ে বিশ্বজিৎকে হত্যা করা হয়েছে। হত্যার পর লাশ ঘরের ভেতর ফেলে রেখে বাইর থেকে তালা আটকে মোটরসাইকেল নিয়ে পালিয়ে যান সহকর্মী অন্তর সরকার। পাইকগাছা থানার ওসি মো: গোলাম কিবরিয়া জানান, লাশের সুরতহাল রিপোর্ট প্রস্তুত শেষে বুধবারে ময়নাতদন্তের জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে । ঘটনার প্রকৃত কারণ উদঘাটনসহ পলাতক অভিযুক্ত অন্তর সরকারকে গ্রেপ্তারে পুলিশের একাধিক টিম কাজ করছে এবং গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে।

## আন্দোলনে কাঁপছে

পর তার সরকারের জন্য অন্যতম বড় চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে।

দিল্লি থেকে ফরাসি বার্তা সংস্থা এএফপির প্রতিনিধিরা বলেছেন, দেশটির শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে আন্দোলনকারীরা রাজধানীর প্রাণকেন্দ্রে অবস্থিত যন্তর মন্তর ছাড়তে অস্বীকৃতি জানিয়েছেন এবং সেখানে বুধবার কয়েক হাজার মানুষের সমাগম ঘটেছে। বিক্ষোভকারীরা বর্তমানে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পদত্যাগের দাবি জানিয়েছেন।

উপস্থিত সমর্থকদের উচ্ছ্বাসের মাঝে সিজিপির মুখপাত্র আশুতোষ রাঙ্কা বলেন, ধর্মেন্দ্র প্রধান পদত্যাগ না করা পর্যন্ত আমরা যন্তর মন্তর ছাড়ব না।

''যে দেশে মানুষ প্রশ্ন করতে ভুলে গিয়েছিল, যে দেশে সরকারের সমালোচনা করাকে দেশদ্রোহিতা হিসেবে গণ্য করা হতো; আমরা এখন সেই দেশকে জাগিয়ে তুলেছি।''

বেশিরভাগ তরুণ শিক্ষার্থীদের অংশগ্রহণে গড়ে ওঠা এই আন্দোলন মঙ্গলবার দেশটির বিরোধী দলগুলোর কাছ থেকে সমর্থন পাওয়ার পর নরেন্দ্র মোদির সরকারের জন্য ভয়াবহ সংকট তৈরি হয়েছে। আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে ওই দিন দেশটির বিরোধী দলগুলো প্রধানমন্ত্রী মোদির বাসভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করে।

দেশটির বিরোধীদল কংগ্রেসের জ্যেষ্ঠ নেতা রাহুল গান্ধী সোমবার লাখ লাখ আন্দোলনকারীর ওপর পুলিশের চালানো দমনপীড়নের জন্য সরকারকে ক্ষমা চাইতে হবে বলে দাবি তোলেন। ৫৬ বছর বয়সী রাহুল গান্ধীকে মঙ্গলবার প্রতিবাদস্থল থেকে তুলে নিয়ে গিয়ে দুই ঘণ্টা আটকে রাখে পুলিশ। বুধবার কালো পোশাক পরে পার্লামেন্টে উপস্থিত হয়ে সরকারের কাছে জবাবদিহি দাবি করেছেন তিনি।

বিরোধী সমাজবাদী পার্টি পার্লামেন্ট চত্বরে বিক্ষোভ কর্মসূচি পালন করেছে। সেখানে দলটির নেতা অখিলেশ যাদব বলেছেন, ভারতের প্রত্যেক তরুণের ওপর প্রভাব ফেলছে, এমন একটি বিষয়ে নরেন্দ্র মোদি নীরব ভূমিকা পালন করে চলেছেন।

## এডিপি বাস্তবায়নে

প্রসঙ্গে তিনি বলেন, বিভিন্ন মন্ত্রণালয়ের বা সংস্থার (যেমন- এলজিইডি, স্বাস্থ্য মন্ত্রণালয়) আলাদা আলাদা রেট শিডিউল রয়েছে, যা দিয়ে প্রকল্পের ব্যয় নির্ধারণ করা হয়। প্রধানমন্ত্রীর নির্দেশে একটি কমিটি গঠিত হয়েছে, যা এরই মধ্যে একাধিক বৈঠক করেছে। খুব অল্প সময়ের মধ্যেই এই রেট শিডিউলগুলো পর্যালোচনা করে সাধারণ এবং বিশেষ কাজের জন্য নতুন রেট শিডিউল তৈরি করা হবে, যেন সে অনুযায়ী প্রাক্কলন তৈরি করা যায়। প্রকল্পে দীর্ঘসূত্রতা ও গাফিলতি প্রসঙ্গে সাকি বলেন, প্রকল্পের দীর্ঘসূত্রতার কারণে বাড়তি অপচয় ঘটে। এর পেছনে সমন্বয় ও জবাবদিহির অভাব এবং দায়িত্বহীনতা কাজ করেছে।

## ব্যাংকের তারল্য

সিকিউরিটিজকে জামানতমুক্ত এবং জামানতযুক্ত- এই দুই ভাগে পৃথকভাবে রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে আর্থিক প্রতিষ্ঠানে দেওয়া ঋণ ও আমানত-সংক্রান্ত কয়েকটি রিপোর্টিং শিরোনামও সংশোধন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, সংশোধিত এনএসএফআর রিপোর্টিং টেমপ্লেট ব্যবহার করে ২০২৬ সালের ৩০ জুন সমাপ্ত সময়কাল থেকে প্রতিবেদন জমা দিতে হবে। এ নির্দেশনা ৩০ জুন থেকে কার্যকর বলে গণ্য হবে। তবে ২০১৫ সালের মূল এনএসএফআর নির্দেশিকার অন্যান্য বিধান অপরিবর্তিত থাকবে।

## সংকট তৈরির চেষ্টা

আমাদের এখানে আজ উপস্থিত হওয়া। যুগ্ম সচিব বলেন, প্রথমত আমি যদি জ্বালানি তেল নিয়ে বলি, জ্বালানি তেলের কোনো রকম সংকট এই মুহূর্তে নেই। আমাদের আজকের দিনে ডিজেলের মজুত আছে প্রায় ৩১ দিনের। অকটেন আছে ৩৬ দিনের। পেট্রোল আছে ২০ দিনের। ফার্নেস অয়েল আছে ২৫ দিনের এবং জেট ফুয়েল আছে ২০ দিনের। ফলে নরমালি আমাদের যা থাকার কথা তার চেয়ে অনেক বেশি। আর আমাদের সাপ্লাই চেইনে পর্যাপ্ত সাপ্লাই আছে, যা দিয়ে আগামী জুলাই-আগস্ট মাস পর্যন্ত আমাদের কোনো সমস্যা নেই। তিনি বলেন, আমরা এটাকে চেষ্টা করছি ধীরে ধীরে দেড় মাস, ৬০ দিন এবং এক পর্যায়ে যাতে এটাকে ৯০ দিনে উন্নীত করা যায়, সেই চেষ্টা আমাদের অব্যাহত আছে। মনির হোসেন চৌধুরী বলেন, আরও এক লাখ ৮০ হাজার টন ডিজেল ৩১ জুলাইয়ের মধ্যে আসবে। আগস্টে আমাদের ডিজেল আসবে ২ লাখ ৪০ হাজার টন। ফলে আমাদের পর্যাপ্ত মজুত আছে। ইনশাল্লাহ, এই দিক থেকে কোনো অসুবিধা নেই। অন্যান্য জ্বালানি পণ্যেও কোনো সংকট নেই। তিনি আরও বলেন, আমার মনে হয় যে কোথাও কোনো একটা সংকট তৈরি করার চেষ্টা থেকে এই গুজবটা তৈরি করা হয়েছে। এটা অ্যাবসোলিউটলি আপনাদের মাধ্যমে আমরা চাই যে সঠিক তথ্যটা যেন মানুষ পায়।

## বিদ্যুৎ বিল আদায় করবে

বিতরণ ব্যবস্থা বেসরকারি কোম্পানিগুলো পরিচালনা করছে। বাংলাদেশের উদ্যোক্তাদেরও পারা উচিত।

তিনি আরও বলেন, সরকার খুচরা ব্যবসা করতে পারে না। বেসরকারি উদ্যোক্তারা এলে জবাবদিহিতা ও বিল আদায় নিশ্চিত হবে।

এছাড়া সবসময় কেন সরকারকেই পেট্রোলিয়াম পণ্য আমদানি করতে হবে? বেসরকারি খাতকে এটি করতে দেওয়া উচিত। এর একটি বড় বাজার রয়েছে এবং প্রতিযোগিতার ফলে সরকারের ওপর চাপ কমবে।

বিতরণ ব্যবস্থা বেসরকারি করার পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানির বিষয়েও সরকারের পরিকল্পনা তুলে ধরেন মন্ত্রী। তিনি জানান, বর্তমান মেয়াদের শেষে বাংলাদেশে ১০ হাজার মেগাওয়াট সক্ষমতার সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্য নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, সরকার বেসরকারি বিনিয়োগকারীদের মাধ্যমে ক্লাস্টার-ভিত্তিক (গুচ্ছ-ভিত্তিক) রুফটপ সোলার ব্যবস্থা চালু করার পরিকল্পনা করছে। এই ব্যবস্থার আওতায় বিনিয়োগকারীরা নিজেরাই সোলার প্যানেল স্থাপন ও রক্ষণাবেক্ষণ করবেন এবং 'নেট-মিটারিং' পদ্ধতির মাধ্যমে সরাসরি গ্রাহকদের কাছ থেকে খরচ তুলে নেবেন।

## 'বাংলাদেশ ফার্স্ট'

ওয়াং ইর সঙ্গে বৈঠকে দুই দেশ বাংলাদেশ-চীন সমন্বিত কৌশলগত সহযোগিতা আরো এগিয়ে নেওয়া এবং অভিন্ন ভবিষ্যতের বাংলাদেশ-চীন কমিউনিটি গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে। বৈঠকে জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের প্রত্যাবাসন, বহুমুখী পরিবহন করিডর, বাণিজ্য ও বিনিয়োগ এবং জ্বালানি খাতে সহযোগিতা বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের সঙ্গে বৈঠকে দুই দেশ জ্বালানি খাতে সহযোগিতা আরো জোরদারে সম্মত হয়। জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় ড. খলিলুর রহমানকে অভিনন্দন জানান লাভরভ।

পরে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে সাক্ষাৎ করেন খলিলুর রহমান। বৈঠকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক আরো শক্তিশালী করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। এ সময় খলিলুর রহমান যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

## উত্তরায় মুগ্ধসহ ১১

বৃহস্পতিবার দিন ধার্য করেছেন ট্রাইব্যুনাল। প্রসিকিউশনের পক্ষে ২০২৪ সালের ১৮ ও ১৯ জুলাই উত্তরার ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ও আশপাশ এলাকায় চলা হত্যাকাণ্ডের তথ্য তুলে ধরা হয়েছে। প্রথম অভিযোগে বলা হয়, ২০২৪ সালের ১৮ জুলাই উত্তরার ৩ নম্বর সেক্টরে জুলাই বিপ্লবে আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে নিতে সহযোগিতার পাশাপাশি ছাত্র-জনতাকে পানি ও বিস্কুট বিতরণ করছিলেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের শিক্ষার্থী মীর মাহফুজুর রহমান মুগ্ধ। এসময় তিনি গুলিবিদ্ধ হন। ছাত্র-জনতার কয়েকজন তাকে উত্তরা ক্রিসেন্ট হাসপাতালে নিলে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন। ওই দিন উত্তরা এলাকায় জাহিদুজ্জামান তানভীন, শেখ ফাহমিন জাফর, মো. শাকিল হোসেন, মো. সাব্বির হোসেন ও সজিব সরকারকে গুলি করে হত্যা করা হয়। এ ছাড়া ওইদিন উত্তরায় এপিসির পেছনের চাকায় পিষ্ট করে উবারচালক মোখলেসুর রহমান দুর্জয়কে হত্যা করা হয়। দ্বিতীয় অভিযোগে বলা হয়, ২০২৪ সালের ১৯ জুলাই উত্তরা এলাকায় রিদোয়ান শরীফ, মো. ছাব্বির ইসলাম, মো. আসাদুল্লাহ ও নাঈমা সুলতানাকে গুলি করে হত্যা করা হয়। মামলার বিষয়ে ট্রাইব্যুনালের প্রসিকিউটর গাজী মোনাওয়ার হুসাইন তামীম জানান, মুগ্ধ হত্যা মামলায় ইতোমধ্যে ফরমাল চার্জ জমা দেওয়া হয়েছে। অভিযোগ গঠনের শুনানি জুলাইয়ের শেষ সপ্তাহে হওয়ার কথা রয়েছে। মামলায় পুলিশ সদস্য ও স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীসহ ২৮ জনকে আসামি করা হয়েছে এবং কয়েকজন ইতোমধ্যে গ্রেপ্তার হয়েছেন। মামলায় অভিযুক্ত ২৬ আসামির আটজন গ্রেপ্তার রয়েছেন।

## ভোটার তালিকার ভুল

ফরম-৭ এর মাধ্যমে আপত্তি এবং ফরম-৮ এর মাধ্যমে সংশোধনের আবেদন গ্রহণ করা হবে। ইসির ঘোষিত সময়সূচি অনুযায়ী, আগামী ৪ আগস্টের মধ্যে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার পিডিএফ প্রস্তুত করে মাঠ পর্যায়ে পাঠানো হবে। ৯ আগস্ট খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। এরপর ২৪ আগস্ট পর্যন্ত দাবি, আপত্তি ও সংশোধনের আবেদন গ্রহণ করা হবে। সংশোধনকারী কর্তৃপক্ষ ২৭ আগস্টের মধ্যে এসব আবেদন নিষ্পত্তি করবেন। আবেদনগুলোর ওপর গৃহীত সিদ্ধান্ত ২৮ আগস্টের মধ্যে তালিকায় সংযোজন করা হবে এবং ৩১ আগস্ট হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে বর্তমানে মোট ভোটার সংখ্যা ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ৫২ লাখ ১২ হাজার ৭৩১ জন, নারী ভোটার ৬ কোটি ৩১ লাখ ৯ হাজার ২৬৬ জন এবং হিজড়া ভোটার রয়েছেন ১ হাজার ২৪৩ জন।

সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।
প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## জর্ডান ও বাহরাইনে মার্কিন ঘাঁটিতে ড্রোন হামলা চালালো ইরান

এফএনএস বিদেশ: ইরানের সেনাবাহিনী জানিয়েছে, চলমান 'অপারেশন থান্ডার'-এর ২২তম ধাপে গতকাল বুধবার ভোরে জর্ডান ও বাহরাইনে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটিগুলোতে নতুন করে ড্রোন হামলা চালানো হয়েছে। খবর ইরনার। গতকাল বুধবার প্রকাশিত সেনাবাহিনীর এক বিবৃতিতে বলা হয়, জর্ডানের আল আজরাক বিমানঘাঁটিতে অবস্থানরত মার্কিন বাহিনীর আবাসন ও কল্যাণমূলক স্থাপনা, পাশাপাশি সরঞ্জাম সংরক্ষণাগার লক্ষ্য করে ড্রোন হামলা চালানো হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, বাহরাইনের শেখ ঈসা বিমানঘাঁটিতেও আরাশ ড্রোন ব্যবহার করে হামলা চালানো হয়েছে। সেখানে সামরিক সরঞ্জামের গুদাম, বড় আকারের সংরক্ষণাগার এবং ভারী সামরিক বিমানের রক্ষণাবেক্ষণ শেল্টার লক্ষ্যবস্তু ছিল বলে দাবি করা হয়। ইরানের সেনাবাহিনী জানায়, 'অপারেশন থান্ডার'-এর সর্বশেষ ধাপ দক্ষিণ ইরানের বীর ও অবিচল জনগণের প্রতি উৎসর্গ করা হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, জনগণের সমর্থন এবং ইসলামী বিপ্লবের প্রতিষ্ঠাতা ইমাম ও শহীদ কমান্ডারদের প্রতি অঙ্গীকার পুনর্ব্যক্ত করে সেনাবাহিনী চূড়ান্ত বিজয় না আসা পর্যন্ত দৃঢ়ভাবে প্রতিরোধ চালিয়ে যাবে। এদিকে, ইরানের দাবি অনুযায়ী, যুক্তরাষ্ট্র টানা ১১তম রাত ধরে দেশটির বিভিন্ন বেসামরিক স্থাপনায় বিমান হামলা চালিয়ে আসছে, যাকে তারা যুদ্ধাপরাধ হিসেবে অভিহিত করেছে। এর জবাবে পশ্চিম এশাজুড়ে যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ সামরিক লক্ষ্যবস্তুতে ইরানের সশস্ত্র বাহিনী পাল্টা হামলা অব্যাহত রেখেছে বলে বিবৃতিতে উল্লেখ করা

# ইরান যুদ্ধের সুযোগে ওয়াশিংটনের দ্বারস্থ ইসলামাবাদ, চায় ১০ বিলিয়ন ডলার

**ইরান-যুক্তরাষ্ট্র সংঘাত**

**প্রস্তাবটি অনুমোদিত হলে পাকিস্তানের বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী হবে**
**বর্তমানে ৭ বিলিয়ন ডলারের আইএমএফ কর্মসূচির আওতায় রয়েছে পাকিস্তান**

আন্তর্জাতিক ডেস্ক:

ইরান যুদ্ধ ঘিরে তৈরি হওয়া নতুন ভূরাজনৈতিক বাস্তবতাকে অর্থনৈতিক সুযোগে রূপ দিতে চাইছে পাকিস্তান। মধ্যস্থতাকারী হিসেবে নিজেদের কূটনৈতিক গুরুত্ব বেড়েছেড় এমন হিসাব কষেই এবার যুক্তরাষ্ট্রের কাছে ১০ বিলিয়ন ডলারের বৈদেশিক মুদ্রার স্থিতিশীলতা তহবিল চেয়েছে অর্থসংকটে থাকা ইসলামাবাদ। প্রস্তাবটি অনুমোদিত হলে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী করতে, রুপির ওপর চাপ কমাতে এবং অর্থনীতিকে কিছুটা স্বস্তি দিতে এটি হতে পারে বড় সহায়তা।

যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী স্কট বেসেন্টের কাছে পাঠানো অনুরোধে সর্বোচ্চ পাঁচ বছর মেয়াদি ১০ বিলিয়ন ডলারের একটি দ্বিপক্ষীয় বৈদেশিক মুদ্রার স্থিতিশীলতা তহবিল গঠনের প্রস্তাব দিয়েছে ইসলামাবাদ।

প্রস্তাবটি অনুমোদিত হলে পাকিস্তানের বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী হবে, রুপির ওপর চাপ কমবে এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) কর্মসূচির শর্ত অনুযায়ী কঠোর রাজস্ব ও মুদ্রানীতি বাস্তবায়নের পাশাপাশি বহুপক্ষীয় ঋণের ওপর নির্ভরশীলতাও কমবে।

এ বিষয়ে এখনো কিছু জানায়নি যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয়।

পাকিস্তানের অর্থমন্ত্রী মুহাম্মদ আওরঙ্গজেব মঙ্গলবার ওয়াশিংটনে স্কট বেসেন্টের সঙ্গে বৈঠক করেন। পাকিস্তানের অর্থ মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, তিনি আঞ্চলিক ভূরাজনৈতিক পরিস্থিতির কারণে দেশটির অর্থনীতি যে ঝুঁকির মুখে রয়েছে, তা তুলে ধরেন। তবে ১০ বিলিয়ন ডলারের সহায়তা তহবিল চাওয়ার বিষয়টি উল্লেখ করা হয়নি বিবৃতিতে।

বিবৃতিতে বলা হয়, 'সিনেটর আওরঙ্গজেব আন্তর্জাতিক



পুঁজিবাজারে আরও ভালো প্রবেশাধিকার, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি এবং সার্বভৌম ঋণমান উন্নয়নের মাধ্যমে পাকিস্তানের অর্থনীতিকে আরও শক্তিশালী করতে যুক্তরাষ্ট্রের অধিকতর সহযোগিতা কামনা করেছেন।' এতে আরও বলা হয়, দ্বিপক্ষীয় অর্থনৈতিক সহযোগিতা জোরদার, যুক্তরাষ্ট্রের বিনিয়োগ বৃদ্ধি এবং কৌশলগত প্রকল্প এগিয়ে নেওয়ার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে দুই দেশ। বর্তমানে ৭ বিলিয়ন ডলারের আইএমএফ কর্মসূচির আওতায় রয়েছে পাকিস্তান। এই কর্মসূচির শর্ত অনুযায়ী সরকারকে কর বাড়ানো, সরকারি ব্যয় নিয়ন্ত্রণ এবং বিভিন্ন অর্থনৈতিক সংস্কার বাস্তবায়ন করতে হচ্ছে, যা রাজনৈতিকভাবে বেশ অজনপ্রিয়। এ ধরনের বৈদেশিক মুদ্রার স্থিতিশীলতা তহবিল খুব কম ক্ষেত্রেই দিয়ে থাকে যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয়। সাধারণত এক্সচেঞ্জ স্ট্যাবিলাইজেশন ফান্ডের মাধ্যমে এ সহায়তা দেওয়া হয়। এর আওতায় বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী করতে ডলার, মুদ্রা অদলবদল (সোয়াপ) সুবিধা বা আর্থিক গ্যারান্টি দেওয়া হয়। এই ব্যবস্থা যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভের সঙ্গে কয়েকটি প্রধান কেন্দ্রীয় ব্যাংকের স্থায়ী ডলার সোয়াপ লাইনের থেকে আলাদা। বিশ্ববাজারে ডলারের তারল্য বজায় রাখা এবং আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখে এটি। ২০২৩ সালে আইএমএফের ৩ বিলিয়ন ডলারের স্ট্যান্ডবাই ঋণের মাধ্যমে পাকিস্তান ঋণখেলাপি হওয়া এড়াতে সক্ষম হয়। পরে দেশটি ৭ বিলিয়ন ডলারের এক্সটেন্ডেড ফান্ড ফ্যাসিলিটি কর্মসূচির পাশাপাশি জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার সক্ষমতা বাড়াতে আরও ১ দশমিক ৩ বিলিয়ন ডলারের পৃথক ঋণ পায়। তবে দেশটির বৈদেশিক মুদ্রার রিজার্ভ এখনও সরকারি অর্থায়ন, ঋণের মেয়াদ নবায়ন এবং চীন ও সৌদি আরবের আমানতের ওপর অনেকটাই নির্ভরশীল। ফলে দ্বিপক্ষীয় সহায়তায় পরিবর্তন বা আইএমএফের অর্থ ছাড়ে বিলম্ব হলে ইসলামাবাদ সহজেই চাপে পড়ে। এ দুর্বলতা এপ্রিলে স্পষ্ট হয়ে ওঠে, যখন পাকিস্তান সংযুক্ত আরব আমিরাতকে প্রায় ৩ দশমিক ৫ বিলিয়ন ডলার পরিশোধ করে, যা তখনকার বৈদেশিক মুদ্রার রিজার্ভের প্রায় পাঁচ ভাগের এক ভাগ। একই সময়ে নতুন করে ৩ বিলিয়ন ডলারের সহায়তা দেয় সৌদি আরব।



**প্রস্তাবটি অনুমোদিত হলে পাকিস্তানের বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী হবে, রুপির ওপর চাপ কমবে এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) কর্মসূচির শর্ত অনুযায়ী কঠোর রাজস্ব ও মুদ্রানীতি বাস্তবায়নের পাশাপাশি বহুপক্ষীয় ঋণের ওপর নির্ভরশীলতাও কমবে।**

## যন্তর মন্তরে বিক্ষোভকারীদের জন্য অনলাইনে অর্ডার করা খাবার আসছে, কারা পাঠাচ্ছেন

আন্তর্জাতিক ডেস্ক:

ভারতে নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসকে কেন্দ্র করে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে নয়াদিল্লির যন্তর মন্তরে ককরোচ জনতা পার্টির (সিজেপি) বিক্ষোভ চলছেই। ভারতের বিভিন্ন রাজ্যের অনেক মানুষ তাদের প্রতি সমর্থন জানাচ্ছেন। আন্দোলনকারীদের প্রতি সমর্থন জানাতে কেউ কেউ আবার খাবারদাবার নিয়ে তাঁদের পাশে দাঁড়াচ্ছেন। বিভিন্ন সূত্রে জানা গেছে,

**সমর্থকেরা অনলাইনে খাবার অর্ডার নেওয়ার অ্যাপ সুইগি ও জোম্যাটোর মতো প্রতিষ্ঠানের মাধ্যমে খাবার ও পানীয় অর্ডার করছেন।**

সমর্থকেরা অনলাইনে খাবার অর্ডার নেওয়ার অ্যাপ সুইগি ও জোম্যাটোর মতো প্রতিষ্ঠানের মাধ্যমে খাবার ও পানীয় অর্ডার করছেন। এরপর তাঁরা ডেলিভারি কর্মীদের সেগুলো আন্দোলনরত শিক্ষার্থী ও বিক্ষোভকারীদের মধ্যে বিনা মূল্যে বিতরণ করে দেওয়ার কথা বলছেন। অনলাইনে খাবার সরবরাহকারী প্রতিষ্ঠান সুইগির ডেলিভারি কর্মী প্রদীপ কুমার সিং ভারতের বেসরকারি বার্তা সংস্থা এএনআইকে বলেন, যন্তর মন্তর এখন এ ধরনের অর্ডারের নিয়মিত গন্তব্য হয়ে উঠেছে। এএনআইকে প্রদীপ কুমার বলেন, 'একটি অর্ডার আসে। তারপর গ্রাহক বলেন, "ভাই, এগুলো ওখানেই বিতরণ করে দিন। যাঁর প্রয়োজন, তাঁকে দিয়ে দিন।"' প্রদীপ বলেন, 'গতকাল আমার কাছে সমুচার একটি অর্ডার এসেছিল। আমাকে বলা হয়েছিল শুধু এখানে এনে সবার মধ্যে বিলিয়ে দিতে। এগুলো নিতে কেউ আসেন না।' দেশের গণ্ডি ছাড়িয়ে বিদেশ থেকেও আন্দোলনকারীদের জন্য খাবার ও পানীয়ের অর্ডার দেওয়া হচ্ছে। মহেন্দ্র কুমার নামের আরেক ডেলিভারি কর্মী বলেন, তিনি এক বিদেশি গ্রাহকের পাঠানো অর্ডারের চা নিয়ে যন্তর মন্তরে আন্দোলনস্থলে এসেছেন। মহেন্দ্র কুমার এএনআইকে বলেন, 'আমি এই অর্ডার নিয়ে এসেছি। এটি ভারতের বাইরে থেকে দেওয়া হয়েছে। আমাকে বলা হয়েছে, "যন্তর মন্তরে গিয়ে আন্দোলনরত ভাইদের দিয়ে দিন।"' মহেন্দ্র বলেন, 'কার পক্ষ থেকে পাঠানো হয়েছে, আমি জানি না। শুধু বলা হয়েছে, এখানে যাঁরা আন্দোলন করছেন, তাঁদের চা দিয়ে দিতে।' জোম্যাটো ও জেপ্টোর আরেক ডেলিভারি কর্মী এই উদ্যোগকে 'স্টুডেন্ট সার্ভিস' বলে উল্লেখ করেন। এক অজ্ঞাতপরিচয় প্রেরকের নির্দেশনার কথা জানিয়ে ওই কর্মী এএনআইকে বলেন, 'প্রেরকের পরিচয় গোপন রাখা হয়েছে। আমাকে শুধু বলা হয়েছে, "সব বিতরণ করে দিন।" কে অর্ডার করেছেন, আমি জানি না। শুধু বলা হয়েছে সেখানে গিয়ে দিয়ে আসতে। এটা "স্টুডেন্ট সার্ভিস", এটা শিক্ষার্থীদের জন্য। এটা কার বা এর মধ্যে কী আছে, সেটাও আমি জানি না।' ককরোচ জনতা পার্টি (সিজেপি) আয়োজিত বিক্ষোভকে কেন্দ্র করে দিল্লি পুলিশ এখন পর্যন্ত ১০টি এফআইআর দায়ের করেছে। পুলিশ কর্মকর্তাদের মতে, বিক্ষোভ চলাকালে বিভিন্ন ঘটনা এবং আইনশৃঙ্খলা-সংক্রান্ত উদ্বেগের পরিপ্রেক্ষিতে নয়াদিল্লির একাধিক থানায় এসব এফআইআর দায়ের করা হয়েছে। কর্মকর্তারা বলেন, পার্লামেন্ট স্ট্রিট থানায় চারটি, কনট প্লেস থানায় তিনটি এবং মন্দির মার্গ, বারাখাম্বা রোড ও কর্তব্য পথ থানায় একটি করে এফআইআর দায়ের করা হয়েছে।




রুবিও বিরোধী বিক্ষোভে একদল আন্দোলনকারী। ছবি : এক্স

## ম্যানিলায় তীব্র বিক্ষোভের মুখে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

আন্তর্জাতিক ডেস্ক:

দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলোর নঞ্চলিক সংস্থা আসিয়ান সম্মেলনে যোগ দিতে ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অবস্থান করছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। ইরান যুদ্ধে তার ভূমিকার প্রতিবাদে সম্মেলন ভেন্যুর বাইরে ব্যাপক বিক্ষোভ করেছেন স্থানীয়রা। স্থানীয় সময় বুধবার আসিয়ানের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক হবার কথা রয়েছে। সদস্য রাষ্ট্র না হলেও গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে এতে যোগ দিবেন রুবিও। বিক্ষোভকারীদের হাতে নানা রকমের প্রতিবাদী প্ল্যাকার্ড দেখা গেছে। এতে লেখা ছিল, 'যুদ্ধাপরাধীদের স্বাগত জানানো হবে না', 'ট্রাম্পকে নিষিদ্ধ করো', 'রুবিওকে নিষিদ্ধ করো'। বিক্ষোভে অংশ নিয়ে মানবাধিকার কর্মী ক্রিস্টিনা পালাবে বলেছেন, যুক্তরাষ্ট্র, বিশেষ করে ট্রাম্পের অধীনে, বিশ্বের প্রধান যুদ্ধাপরাধী হিসেবে আবির্ভূত হয়েছে। তার অভিযোগ, মার্কিন সরকার ফিলিস্তিন, ইরান, ফিলিপাইনসহ যেসব স্থানে সামরিক ঘাঁটি ও উপস্থিতি বজায় রেখেছে, সেখানে তারা বোমা হামলা ও মানুষ হত্যার জন্য পরিচিত। অন্যতম বিক্ষোভকারী মং পালাতিনো ফিলিপাইনের প্রেসিডেন্ট ফার্দিনান্দ মার্কোস জুনিয়রকে রুবিওর সঙ্গে সহযোগিতা বন্ধের আহ্বান জানান।

# যুক্তরাজ্যে এই প্রথম সাবেক-বর্তমান প্রধানমন্ত্রী মিলিয়ে একসঙ্গে বেঁচে আছেন ১০ জন

আন্তর্জাতিক ডেস্ক:

তালিকায় বর্তমান প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যামের পাশাপাশি রয়েছেন ৯ জন সাবেক প্রধানমন্ত্রী। তাঁরা হলেনড়কিয়ার স্টারমার, ঋষি সুনাক, লিজ ট্রাস, বরিস জনসন, থেরেসা মে, ডেভিড ক্যামেরন, গর্ডন ব্রাউন, টনি ব্লেয়ার ও জন মেজর তালিকায় বর্তমান প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যামের পাশাপাশি রয়েছেন ৯ জন সাবেক প্রধানমন্ত্রী। তাঁরা হলেনড়কিয়ার স্টারমার, ঋষি সুনাক, লিজ ট্রাস, বরিস জনসন, থেরেসা মে, ডেভিড ক্যামেরন, গর্ডন ব্রাউন, টনি ব্লেয়ার ও জন মেজরকোলাজ

অ্যান্ডি বার্নহ্যাম যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার মধ্য দিয়ে দেশটির রাজনৈতিক ইতিহাসে এক নতুন নজির সৃষ্টি হয়েছে। কিয়ার স্টারমারের পদত্যাগের পর বার্নহ্যাম দায়িত্ব নেওয়ায় বর্তমান ও সাবেক প্রধানমন্ত্রী মিলিয়ে যুক্তরাজ্যে এখন মোট ১০ জন জীবিত রয়েছেন। আধুনিক ব্রিটিশ ইতিহাসে এর আগে একই সময়ে এত জন বর্তমান ও সাবেক প্রধানমন্ত্রী জীবিত থাকার রেকর্ড নেই। এই তালিকায় বর্তমান প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহ্যামের পাশাপাশি রয়েছেন ৯ জন সাবেক প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার, ঋষি সুনাক, লিজ ট্রাস, বরিস জনসন, থেরেসা মে, ডেভিড ক্যামেরন, গর্ডন ব্রাউন, টনি ব্লেয়ার ও জন মেজর। ২০ জুলাই রাজা তৃতীয় চার্লসের আমন্ত্রণে বার্নহ্যাম সরকার গঠন করেন এবং কিয়ার স্টারমারের স্থলাভিষিক্ত হন। ২০২৪ সালের সাধারণ নির্বাচনের পর ঋষি সুনাক ক্ষমতা ছাড়লে যুক্তরাজ্যে প্রথমবারের মতো জীবিত সাবেক প্রধানমন্ত্রীর সংখ্যা আটে পৌঁছেছিল। এবার কিয়ার স্টারমার সাবেক প্রধানমন্ত্রীদের তালিকায় যুক্ত হওয়ায় সেই সংখ্যা এখন ৯। আর বর্তমান প্রধানমন্ত্রীকে যোগ করলে এই সংখ্যা দাঁড়ায় ১০-এ।

কার বয়স কত

জীবিত সাবেক প্রধানমন্ত্রীদের মধ্যে সবচেয়ে প্রবীণ জন মেজর। ৮৩ বছর বয়সী কনজারভেটিভ পার্টির এই প্রবীণ নেতা ১৯৯০ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত ব্রিটিশ সরকারের নেতৃত্ব দেন।

এরপর রয়েছেন গর্ডন ব্রাউন, তাঁর বয়স ৭৫ বছর। তিনি ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। টনি ব্লেয়ারের বয়স ৭৩ বছর; তিনি ১৯৯৭ থেকে ২০০৭ সাল পর্যন্ত টানা এক দশক লেবার পার্টি সরকারের নেতৃত্ব দেন। থেরেসা মের বয়স ৬৯ বছর। তিনি ২০১৬ থেকে ২০১৯ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। বরিস জনসনের বয়স ৬২ বছর; তাঁর প্রধানমন্ত্রিত্বকাল ছিল ২০১৯ থেকে ২০২২ সাল। সদ্য বিদায়ী কিয়ার স্টারমারের বয়স ৬৩ বছর; তিনি ২০২৪ থেকে ২০২৬ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। ডেভিড ক্যামেরনের বয়স ৫৯ বছর। তিনি ২০১০ থেকে ২০১৬ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। লিজ ট্রাসের বয়স ৫০ বছর। ২০২২ সালে মাত্র ৪৫ দিন দায়িত্ব পালনের পর তিনি পদত্যাগ করেন। ঋষি সুনাকের বয়স ৪৬ বছর। তিনি ২০২২ থেকে ২০২৪ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। আর সদ্য দায়িত্ব নেওয়া অ্যান্ডি বার্নহ্যামের বয়স ৫৬ বছর। রাজনৈতিক অস্থিরতার প্রতিচ্ছবি

স্পোর্টস

## হেটমায়ারে সান্ত্বনার জয় ওয়েস্ট ইন্ডিজের

খেলা ডেস্ক

প্রভিডেন্সে সিরিজে প্রথম ম্যাচ জিতে ভালো শুরু পেয়েছিল ওয়েস্ট ইন্ডিজ। কিন্তু এরপর টানা তিন ম্যাচ জিতে সিরিজই নিজেদের করে নেয় নিউজিল্যান্ড। পাঁচ ম্যাচের এ সিরিজে এগিয়ে যায় ৩-১ ব্যবধানে। ব্রিজটাউনে আজ পঞ্চম ও শেষ ম্যাচে সান্ত্বনার জয় পেয়েছে ওয়েস্ট ইন্ডিজ। ১৫ বল হাতে রেখে নিউজিল্যান্ডকে ২ উইকেটে হারিয়েছে শাই হোপের দল। টসে হেরে আগে ব্যাট করা নিউজিল্যান্ড তিন ফিফটিতে ৯ উইকেটে ২৬৮ রান তোলে। টম ল্যাথাম করেন ৬৯, নিক কেলির ব্যাট থেকে এসেছে ৬৪। ৫৬ রান করেন উইল ইয়াং। তাড়া করতে নেমে ৪৩ ওভারে ৫ উইকেটে ২৩৮ রান তোলা ওয়েস্ট ইন্ডিজ এরপর হালকা চাপে পড়েছিল। পরের দুই ওভারে ১০ রানে ৩ উইকেট পড়ায় জয়ের সমীকরণ নেমে আসে ৩০ বলে ২১ রানে।





নতুন কুঁড়ি স্পোর্টস

## ফুটবলের দুই বিভাগেই জয়ী খুলনা ও রংপুর

নতুন কুঁড়ি স্পোর্টস-এর জাতীয় পর্যায়ের ফুটবল ডিসিপ্লিনে রোমাঞ্চকর জয় পেয়েছে খুলনা। ঢাকার আর্মি স্টেডিয়ামে বালক বিভাগে ঢাকা অঞ্চলকে টাইব্রেকারে ৪-২ গোলে হারায় খুলনা। নির্ধারিত সময়ে ২-২ গোলে সমতা থাকার পর ম্যাচের ভাগ্য নির্ধারিত হয় টাইব্রেকারে। ?ম্যাচের শুরু থেকেই দুই দলের মধ্যে আক্রমণ ও পাল্টা আক্রমণের রোমাঞ্চ ছড়িয়ে পড়ে। ম্যাচের ১৬ মিনিটে নাঈম হাসানের গোলে প্রথমে এগিয়ে যায় খুলনা। তবে সমতা ফেরাতে বেশি সময় নেয়নি ঢাকা। ২২ মিনিটে ঢাকার পক্ষে সমতা আনেন জুনায়েদ। প্রথমার্ধের শেষ মুহূর্তে শামীম হাসান গোল করে আবারও খুলনাকে এগিয়ে দেন (২-১)। তবে ম্যাচের ৩২ মিনিটে ঢাকার মিরাজ গোল করে স্কোরলাইন ২-২ করেন। টাইব্রেকারের স্নায়ুচাপ ধরে রেখে ৪-২ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে খুলনা। বালক বিভাগের অপর খেলায় খেলায় তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ম্যাচটিও গড়িয়েছিল টাইব্রেকারে। যেখানে চট্টগ্রামকে হারিয়েছে রংপুর। নির্ধারিত সময়ের খেলায় গোল না হওয়ায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। সেখানে চট্টগ্রামকে ৩-১ গোলে হারায় রংপুর। বালিকা বিভাগে ঢাকাকে ১-০ ব্যবধানে হারিয়েছে খুলনা।



## মেসির 'সব ভুলে যাও' ভাষণ নিয়ে জল্পনা, অবশেষে ম্যাক আলিস্টারের সূত্রে যা জানা গেল

খেলা ডেস্ক

বিশ্বকাপ ফাইনালের আগে সতীর্থদের উদ্দেশে লিওনেল মেসির দেওয়া একটি সংক্ষিপ্ত বক্তব্য নিয়ে দুই দিন ধরে তুমুল আলোচনা চলছে আর্জেন্টিনা সমর্থকদের মধ্যে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া সেই ভিডিও দেখে অনেকেরই ধারণা, ফাইনালের আগে হয়তো দলের ভেতরে কোনো অস্বাভাবিক ঘটনা ঘটেছিল কিংবা বাইরে থেকে কোনো চাপ ছিল।

এবার আর্জেন্টিনা দলের মিডফিল্ডার অ্যালেক্সিস ম্যাক আলিস্টারের সূত্রে এ বিষয়ে একটি ব্যাখ্যা পাওয়া গেছে। আর্জেন্টাইন সংবাদমাধ্যম এল নাসিওন জানিয়েছে, বিষয়টি নিয়ে উদ্বিগ্ন হয়ে ছেলেকে বার্তা পাঠিয়েছিলেন অ্যালেক্সিসের বাবা কার্লোস ম্যাক আলিস্টার। তিনি আলেক্সিসের কাছ থেকে জানতে পারেন, মেসির কথার অর্থ মোটেও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া নানা ব্যাখ্যার মতো ছিল না।

ফাইনালের আগে ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, ড্রেসিংরুম থেকে বের হওয়ার সময় সতীর্থদের উদ্দেশে মেসি বলছেন, 'চলো সবাই। শান্ত থাকো, শান্ত থাকাটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। শান্ত থাকি। সবকিছু ভুলে যাই। শুধু খেলি। শুধু খেলাটার কথাই ভাবি।'

ভিডিওটি ছড়িয়ে পড়ার পর অনেক সমর্থক প্রশ্ন তুলেছিলেন, ঠিক কী 'ভুলে যেতে' বলছিলেন আর্জেন্টিনা অধিনায়ক? ফাইনালের আগে কি দলের ভেতরে কোনো সমস্যা হয়েছিল? নাকি স্পেনের পক্ষ থেকে রেফারিং নিয়ে অভিযোগ, বাইরের সমালোচনা কিংবা অন্য কোনো বিষয়কে ইঙ্গিত করেছিলেন তিনি?

রেডিও লা রেদকে দেওয়া সাক্ষাৎকারে কার্লোস ম্যাক আলিস্টার বলেন, তিনিও শুরুতে একই প্রশ্ন করেছিলেন, 'আমি আলেক্সিসকে বার্তা পাঠিয়ে জিজ্ঞাসা করেছিলাম, কী হয়েছিল? ড্রেসিংরুমে কোনো ঘটনা ঘটেছিল? আমি নিজেও উদ্বিগ্ন ছিলাম। আমি যদি এমনটা ভেবে থাকি, তাহলে অন্যরা কী ভেবেছে, সেটা সহজেই বোঝা যায়।'

এরপর ছেলে কী উত্তর দিয়েছিলেন, সেটি জানিয়ে কার্লোস ম্যাক আলিস্টার বলেন, 'সে আমাকে বলেছে, না। ওরা ফুটবলের বিষয়েই কথা বলছিল। অর্থাৎ, মাঠে নেমে খেলতে হবে, পাস দিতে হবে, বল ঘোরাতে হবে, ত্রিভুজ তৈরি করতে হবে। অকারণে লম্বা বল খেলবে না বা বল নষ্ট করবে নাড়এটাই বোঝানো হয়েছিল।'

## আফগানিস্তানের ওয়ানডে অধিনায়কের পদ ছাড়লেন হাশমতউল্লাহ শহীদি

খেলা ডেস্ক

আফগানিস্তান ওয়ানডে দলের অধিনায়কের পদ থেকে সরে দাঁড়িয়েছেন হাশমতউল্লাহ শহীদি। ২০২২ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের জুনে ভারত সফর পর্যন্ত মোট ৫৫টি ওয়ানডেতে আফগানদের নেতৃত্ব দিয়েছেন তিনি।

সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন শহীদি, 'সম্পূর্ণ সম্মান এবং সম্মতির ভিত্তিতে একটি ব্যক্তিগত সিদ্ধান্তের কথা জানাচ্ছিড়নিজের দলের অধিনায়কের পদ থেকে পদত্যাগ করছি। অধিনায়ক হিসেবে এ দায়িত্ব পালন করা আমার জন্য অনেক বড় সম্মানের বিষয় ছিল। সততা, একতা ও একাগ্রতা নিয়ে সতীর্থদের পাশে থেকে দেশের প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্বিত।'

৩১ বছর বয়সী এই ব্যাটসম্যানের অধিনায়কত্বে আফগানিস্তান ২০২৩ সালের এশিয়া কাপ ও বিশ্বকাপ এবং ২০২৫ সালের চ্যাম্পিয়নস ট্রফিতে অংশ নেয়। তাঁর অধীনে আফগানিস্তান জিতেছে ২৭ ম্যাচ। এর মধ্যে ২০২৩ বিশ্বকাপে ইংল্যান্ড, পাকিস্তান, শ্রীলঙ্কা ও নেদারল্যান্ডসের বিপক্ষে অবিস্মরণীয় জয় পায় আফগানরা। বিশ্বকাপ পয়েন্ট টেবিলে ষষ্ঠ স্থানে থেকে আসর শেষ করায় ২০২৫ সালে দুবাইয়ে অনুষ্ঠিত চ্যাম্পিয়নস ট্রফিতে খেলার সুযোগ পায় আফগানিস্তান। সেখানেও তারা ইংল্যান্ডকে হারায়, তবে অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচটি বৃষ্টিতে ভেসে যাওয়ায় সেমিফাইনালে ওঠা হয়নি। শহীদির অধিনায়কত্বে আফগানিস্তান দ্বিপক্ষীয় সিরিজেও সাফল্য পেয়েছে। তাঁর অধীনে বাংলাদেশকে তিনবার, জিম্বাবুয়েকে দুবার এবং দক্ষিণ আফ্রিকা ও আয়ারল্যান্ডকে একবার করে সিরিজে হারিয়েছে আফগানরা। অধিনায়ক হিসেবে শহীদির ব্যাটিং পরিসংখ্যানে বড় পরিবর্তন আসেনি।

সততা, একতা ও একাগ্রতা নিয়ে সতীর্থদের পাশে থেকে দেশের প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্বিত।' ৩১ বছর বয়সী এই ব্যাটসম্যানের অধিনায়কত্বে আফগানিস্তান ২০২৩ সালের এশিয়া কাপ ও বিশ্বকাপ এবং ২০২৫ সালের চ্যাম্পিয়নস ট্রফিতে অংশ নেয়।



## জিম্বাবুয়েতে কেন ব্যর্থ হলো বাংলাদেশ, কী বললেন ব্যাটিং কোচ





'এখন ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্ট হওয়ার কারণে আন্তর্জাতিক ম্যাচগুলোর আগে প্রস্তুতি ম্যাচ হয় না। আগে একটা তিন দিনের ম্যাচ বা একটা ওয়ানডে ম্যাচ হলে মানিয়ে নেওয়া সহজ হতো। ওই অপশনটা এখন নেই, এখন গিয়েই খেলতে হয়।'

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

একমাত্র টেস্টে হারটা ছিল ইনিংস ব্যবধানে। বাংলাদেশ পরে হেরেছে ওয়ানডে সিরিজেও, টি-টুয়েন্টি সিরিজে অবশ্য জয় নিয়েই জিম্বাবুয়ে থেকে দেশে ফিরেছেন ক্রিকেটাররা। পুরো সফরে জিম্বাবুয়ের পেসারদের সামনে ভুগতে দেখা গেছে বাংলাদেশের ব্যাটসম্যানদের।

সংস্করণ বদলে গেলেও ব্যাটিংয়ের হতশ্রী দশা বদলায়নি। জিম্বাবুয়েতে ব্যর্থতার জন্য তাই ব্যাটিংকেই দুষছেন অনেকে। সেই দায় নিয়েছেন ব্যাটিং কোচ মোহাম্মদ আশরাফুলও। তিনি মনে করেন, জিম্বাবুয়ের বাড়তি বাউন্সের সঙ্গে মানিয়ে নিতে পারেননি ব্যাটসম্যানরা।

দেশে ফিরে আজ বিমানবন্দরে সাংবাদিকদের আশরাফুল বলেন, 'অতিরিক্ত বাউন্স ছিল, ওই বাউন্সে মানিয়ে নিতে আমাদের একটু সময় লেগেছে। টেস্ট ম্যাচটা আমরা ভালো করতে পারিনি। পরে তৃতীয় ওয়ানডেতে গিয়ে আমরা মানিয়ে নিতে পেরেছি। আমি মনে করি সামনে ২০২৭ বিশ্বকাপে ওভাবে আমরা হয়তো প্রস্তুতি নিতে পারব।'

জিম্বাবুয়েতে প্রথমবারের মতো একই সফরে তিন সংস্করণেই হারের শঙ্কায় ছিল বাংলাদেশ। সর্বশেষ টি-টুয়েন্টিতে নাটকীয়তার পর ৪ উইকেটের জয়ে আর তা হয়নি। তবে পুরো সফরে বাংলাদেশের কোনো ব্যাটসম্যানই সেঞ্চুরির দেখা পাননি। পূর্ণাঙ্গ সিরিজটি শুরুর আগে একটা প্রস্তুতি ম্যাচ খেলতে পারলে মানিয়ে নিতে সুবিধা হতো বলে মনে করেন আশরাফুল।

আশরাফুলের ভাষায়, 'এখন ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্ট হওয়ার কারণে আন্তর্জাতিক ম্যাচগুলোর আগে প্রস্তুতি ম্যাচ হয় না। আগে একটা তিন দিনের ম্যাচ বা একটা ওয়ানডে ম্যাচ হলে মানিয়ে নেওয়া সহজ হতো। ওই অপশনটা এখন নেই, এখন গিয়েই খেলতে হয়।' বাংলাদেশের সামনে অবশ্য বেশ বড় পরীক্ষা। আগস্টে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলতে ২৩ বছর পর অস্ট্রেলিয়া যাচ্ছে তারা। এই সফরেও ব্যাটসম্যানদের গতি ও বাড়তি বাউন্স সামলাতে হবে। জিম্বাবুয়ে সিরিজের অভিজ্ঞতা সেখানে কাজে লাগবে বলেই বিশ্বাস আশরাফুলের, 'এই সফরটা আমাদের অস্ট্রেলিয়া সিরিজেও কাজে দেবে। যে অতিরিক্ত বাউন্স...গত সাত মাস ধরে আমরা আমাদের হোম কন্ডিশনে ভালো করছিলাম, কিন্তু আলাদা একটা কন্ডিশনে আমাদের একটু সময় লেগে গিয়েছে।'

## কাঠমিস্ত্রির ছেলের বিশ্বজয়




খেলা ডেস্ক

২০০ জনেরও কম মানুষের একটি ছোট্ট গ্রামে জন্ম নিয়ে কি বিশ্ব চ্যাম্পিয়ন দলের অন্যতম সেরা ফুটবলার হওয়া সম্ভব? কাঠমিস্ত্রির কারখানায় বড় হওয়া একটি ছেলে কি এফসি বার্সেলোনার দুর্দান্ত এক ডিফেন্ডারে পরিণত হতে পারে? আর প্রথম বিশ্বকাপ খেলেই, মাত্র ১৯ বছর বয়সে, আসরের সেরা তরুণ খেলোয়াড়ের পুরস্কার জিততে পারে? শান্ত, গ্রামীণ পরিবেশে বেড়ে ওঠা এক কিশোর কি এমন মানসিক দৃঢ়তা ও অদম্য লড়াইয়ের মানসিকতা গড়ে তুলতে পারে, যা তাঁকে মাঠে এক ভয়ংকর যোদ্ধায় পরিণত করবে? এসব প্রশ্নের উত্তর এককথায়ড়হ্যাঁ, পারে। আর তার সবচেয়ে বড় উদাহরণ পাউ কুবারসি। মাত্র ১৯ বছর বয়সেই এবারের বিশ্বকাপে অসাধারণ নৈপুণ্য দেখিয়েছেন স্পেনের এই সেন্টার-ব্যাক। টুর্নামেন্টজুড়ে তাঁর ধারাবাহিক পারফরম্যান্সের চূড়ান্ত প্রকাশ ঘটে আর্জেন্টিনার বিপক্ষে ফাইনালে। নিউ জার্সিতে ম্যাচের শেষ মুহূর্তে মার্কোস সেনেসির নিশ্চিত গোলের সুযোগ ঠেকিয়ে দেন কুবারসি। সেই ট্যাকলই কার্যত স্পেনের শিরোপা নিশ্চিত করে। কাতার ২০২২ বিশ্বকাপের ফাইনালে রানদাল কোলো মুয়ানির শট ঠেকিয়ে এমিলিয়ানো মার্তিনেজ যেমন আর্জেন্টিনাকে বিশ্বকাপ এনে দিয়েছিলেন, তেমনি কুবারসির সেই ট্যাকলও স্পেনের শিরোপা জয়ে সমান গুরুত্বপূর্ণ হয়ে থাকবে।

কুবারসির জন্ম জিরোনা প্রদেশের ছোট্ট গ্রাম এস্তানিওলে। নতুন ক্যাম্প ন্যু থেকে গাড়িতে সেখানে যেতে সময় লাগে প্রায় দেড় ঘণ্টা। ২০০ জনেরও কম মানুষের বসবাস এই গ্রামে। প্রায় ১ হাজার ২৫০ মিটার ব্যাসের একটি আগ্নেয়গিরির জ্বালামুখ ঘিরেই গড়ে উঠেছে জনপদটি, যেখানে একসময় একটি ছোট চ্যাপেল ছিল। এখন গ্রামটিতে আছে হাতে গোনা কয়েকটি রাস্তা, পাথরের তৈরি কিছু বাড়ি, একটি গির্জা, একটি কবরস্থান, দুটি বার এবং একটি কাঠের কারখানা। সেই কারখানাটির সঙ্গে জড়িয়ে আছে কুবারসির পরিবারের কয়েক প্রজন্মের ইতিহাস। 'ফুস্তেরিয়া কুবারসি' নামের ওই কারখানা প্রতিষ্ঠা করেছিলেন তাঁর প্রপিতামহ, ১৯০৫ সালে। বর্তমানে এটি পরিচালনা করেন কুবারসির বাবা রবার্ত। পেশাদার ফুটবলার হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার আগে গ্রীষ্মের ছুটিতে বাবার সঙ্গে এই কারখানায় কাজও করতেন কুবারসি। গ্রামটিতে কোনো ফার্মেসি বা স্বাস্থ্যকেন্দ্রও নেই। বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার পর আলোচনার কেন্দ্রবিন্দুতে উঠে এলেও নিজের গ্রামের সঙ্গে গভীর সম্পর্ক বজায় রেখেছেন কুবারসি। এমনকি মাত্র ১৯ বছর বয়সেই ফুটবল থেকে অবসরের পরের জীবন নিয়েও তাঁর স্পষ্ট ভাবনা রয়েছ কিছুদিন আগে কাতালান দৈনিক লা ভানগুয়ার্দিয়াকে দেওয়া এক সাক্ষাৎকারে কুবারসি বলেছিলেন, 'আমি চাই আমার সন্তানরা ছোট শহর বা গ্রামের পরিবেশেই বড় হোক। কারণ, আমি নিজেও গ্রামের মানুষ, শান্ত জীবনই বেশি পছন্দ করি। শহরে অনেক সুবিধা আছে, অনেক কিছু হাতের কাছেই পাওয়া যায়। কিন্তু আমার কাছে ছোট শহরের শান্ত পরিবেশই বেশি প্রিয়।'

শান্ত, গ্রামীণ পরিবেশে বেড়ে ওঠা এক কিশোর কি এমন মানসিক দৃঢ়তা ও অদম্য লড়াইয়ের মানসিকতা গড়ে তুলতে পারে, যা তাঁকে মাঠে এক ভয়ংকর যোদ্ধায় পরিণত করবে? এসব প্রশ্নের উত্তর এককথায়ড়হ্যাঁ, পারে। আর তার সবচেয়ে বড় উদাহরণ পাউ কুবারসি।

এস্তানিওল গ্রামে কোনো স্কুল বা ফুটবল মাঠ না থাকায় ছোটবেলায় পাশের শহরের ক্লাব এফসি ভিলাবলারেইক্সে ফুটবল খেলা শুরু করেন কুবারসি। অল্প সময়ের মধ্যেই তাঁর প্রতিভা নজর কাড়ে জিরোনার যুব একাডেমির। এরপর আর দেরি করেনি বার্সেলোনা। ২০১৮ সালে, মাত্র ১১ বছর বয়সে, তাঁকে দলে ভেড়ায় কাতালান ক্লাবটি।



এরপর কুবারসির ঠিকানা হয় লা মাসিয়া-বার্সেলোনার বিখ্যাত যুব একাডেমি। কাতালোনিয়ার বাইরে থেকে আসা সম্ভাবনাময় তরুণ ফুটবলারদের গড়ে তোলার অন্যতম সেরা জায়গা এটি। লা মাসিয়াতেই লামিনে ইয়ামালের সতীর্থ ছিলেন কুবারসি।

২০২৩-২৪ মৌসুমে দুজনই প্রথম দলের সঙ্গে যুক্ত হন। তবে বার্সেলোনার জার্সিতে আনুষ্ঠানিক অভিষেকটা আগে হয় কুবারসির। ২০২৪ সালের জানুয়ারিতে, ১৭তম জন্মদিনের কয়েক দিন আগে, কোপা দেল রের ম্যাচে তৃতীয় বিভাগের ক্লাব ইউনিয়োনিস্তাস দে সালামাঙ্কার বিপক্ষে প্রথমবারের মতো প্রতিযোগিতামূলক ম্যাচে বার্সেলোনার হয়ে মাঠে নামেন তিনি।

স্পেনের বয়সভিত্তিক দলগুলোর হয়ে খেলার পর ২০২৪-২৫ মৌসুমে কোচ হান্সি ফ্লিকের অধীন বার্সেলোনার প্রথম একাদশে নিজের জায়গা পাকা করে নেন কুবারসি। ১.৮৯ মিটার উচ্চতার এই ডান পায়ের সেন্টারব্যাক মৌসুমজুড়ে ৫৬টি ম্যাচ খেলেন। বার্সেলোনার জার্সিতে জেতেন নিজের প্রথম তিনটি শিরোপা-স্প্যানিশ সুপার কাপ, কোপা দেল রে এবং লা লিগা। একই মৌসুমে কোপা দেল রেতে আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে বার্সেলোনার হয়ে নিজের প্রথম গোলও করেন তিনি।